

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০২.১৩১.০১.০২৩.২০১১-৪৮৮

তারিখঃ ৩০.১০.২০১৬ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “প্লানিং, মনিটরিং এন্ড রিসার্চ হেলথ”(কোড নং-৫-২৭১১-৫১৭০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত অর্থ হতে জিওবি খাতের ২য় কিস্তির অর্থ ছাড় সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২৪.০৯.২০১৬ তারিখের ৪৫.১৭২.০২.১৩১.০১.০২৩.২০১১-৪৩৭ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে “প্লানিং, মনিটরিং এন্ড রিসার্চ হেলথ”(কোড নং-৫-২৭১১-৫১৭০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ২য় কিস্তি-তে ৫৯.০০ লক্ষ (উনষাট লক্ষ) টাকা (সিডি ভ্যাট ব্যতিত) নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“প্লানিং, মনিটরিং এন্ড রিসার্চ হেলথ”(কোড নং-৫-২৭১১-৫১৭০)	অনুমোদিত	২য়	৫৭.৫০ লক্ষ	১.৫০ লক্ষ	৫৯.০০ লক্ষ

শর্ত:

- ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- গ) ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।
- ০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের “প্লানিং, মনিটরিং এন্ড রিসার্চ হেলথ”(কোড নং-৫-২৭১১-৫১৭০) হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না এর ব্যতয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর দায়ী থাকবেন।
- ০৫। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

নং-৪৫.১৭২.০২.১৩১.০১.০২৩.২০১১-৪৮৮/১(৯)

তারিখঃ ৩০.১০.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, প্লানিং, মনিটরিং এন্ড রিসার্চ হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্ম সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। উপ-সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(হাসান মাহমুদ)
উপসচিব